

তারিখ: ২৭.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে চসিকের অনুদান প্রদান অনুষ্ঠান চট্টগ্রামকে সম্প্রীতির শহর হিসেবে গড়ে তুলতে চাই : সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) এর উদ্যোগে শারদীয় দুর্গাপূজা ২০২৫ উপলক্ষে পূজা মন্ডপে অনুদান প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৭ সেপ্টেম্বর) নগরীর লালদিঘীস্থ চসিক পাবলিক লাইব্রেরি সম্মেলন কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। চট্টগ্রাম নগরীর জে এম সেন হলের পূজামন্ডপে ৫ লক্ষ টাকা এবং আরো ২৬৯টি পূজা মন্ডপের প্রতিটি মন্ডপে ৫ হাজার টাকা করে অনুদান প্রদান করা হয়। পূজা মন্ডপসমূহের সভাপতি ও সাধারণ সম্পাদকদের হাতে অনুদানের চেক বিতরণ করেন মেয়র। অনুষ্ঠানে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, পূজা চলাকালীন প্রত্যেক মন্ডপ নিরাপদ রাখতে প্রশাসনের সঙ্গে সমন্বয় করে চসিক কাজ করছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই মিলে আমরা যেন সম্প্রীতির বন্ধনে একটি সুন্দর শহর গড়ে তুলতে পারি, সেটাই আমাদের লক্ষ্য। ক্লিন, গ্রিন, হেলদি ও সেফ সিটি গড়তে নাগরিকদের দায়িত্বশীল হতে হবে। তিনি পূজার পর মন্ডপ এলাকাগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সবার প্রতি আহ্বান জানান। মেয়র বলেন, পূজা কার্যক্রম শেষে প্রতিদিনের ময়লা নির্দিষ্ট ডাস্টবিনে ফেলতে হবে। অন্যথায় তা নালা-খালে পড়লে জলাবদ্ধতা সৃষ্টি হবে। নাগরিক হিসেবে পরিচ্ছন্নতা রক্ষায় সবার দায়িত্বশীল হতে হবে। তিনি আরও বলেন, সেফ সিটির অর্থ হলো—সব ধর্ম, বর্ণ, জাতি, গোত্রের মানুষ যেন পারস্পরিক সম্প্রীতি ও ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ থেকে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারে। আমরা কাউকে বিভেদে নয়, বরং ঐক্যে দেখতে চাই। এ শহর আমাদের সবার, তাই সবার দায়িত্ব একে বাসযোগ্য ও নিরাপদ রাখা। এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের সচিব আশরাফুল আমিন, সাবেক কাউন্সিলর ইসমাঈল বালি, সমাজকল্যাণ ও সংস্কৃতি কর্মকর্তা মামুনুর রশীদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পূজা উদযাপন কমিটির সভাপতি আশুতোষ দে, সাধারন সম্পাদক সৌমনাথ দাশ রাজু, চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক অর্পণ কান্তি ব্যানার্জি, ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক অ্যাডভোকেট নিখিল কুমার নাথ, চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের সাবেক সভাপতি মুক্তিযোদ্ধা অরবিন্দু পাল অরুন, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের সাংগঠনিক সম্পাদক রাজীব ধর তমাল, সাবেক ছাত্রনেতা সৌরভ প্রিয় পাল, শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক সুজন দাশ, উপ অর্থ সম্পাদক সুমন ঘোষ বাদশা, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের সহ সাংগঠনিক সম্পাদক সুকান্ত তালুকদার।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮